



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ২০ এপ্রিল ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

সেনা নির্যাতনের জেরে পিসিপি নেতা রমেল চাকমার মৃত্যুর ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবি

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর কেন্দ্রীয় সদস্য সচিব চাকমা আজ ২০ এপ্রিল ২০১৭ বৃহস্পতিবার এক বিবৃতিতে পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি) নেতা ও এইচএসসি পরিষ্কারী রমেল চাকমাকে রাঙামাটির নানিয়াচরে সেনা হেফাজতে নির্যাতনের পর চিকিৎসাধীন অবস্থায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুর ঘটনার সুষ্ঠু, স্বাধীন ও নিরপেক্ষ বিচার বিভাগীয় তদন্ত দাবি করেছেন।

বিবৃতিতে রমেল চাকমার মৃত্যুকে 'মধ্যযুগীয় বর্বরতা ও খুন' হিসেবে উল্লেখ করে সচিব চাকমা এর তীব্র প্রতিবাদ জানান এবং নানিয়াচর জোনের মেজর তানভীরসহ তাকে গ্রেফতার ও নির্যাতনের জন্য দায়ি সেনা সদস্যদের দৃষ্টান্তমূলক কঠোর শাস্তি দাবি করেন।

বিনা দোষে নিরীহ পাহাড়ি গ্রেফতার, নির্যাতন ও মিথ্যা মামলা দিয়ে হয়রানি পার্বত্য চট্টগ্রামে বর্তমানে নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে মন্তব্য করে ইউপিডিএফ নেতা আরো বলেন, 'রমেল চাকমাকে গত ৫ এপ্রিল সকালে নানিয়াচর উপজেলা পরিষদ এলাকা থেকে আটক করার পর জোনে অমানুষিক শারীরিক নির্যাতন চালানো হয়। এতে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়লে তাকে সেনারা তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। এখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল ১৯ এপ্রিল রমেল চাকমা মারা যান।'

তিনি অভিযোগ করেন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পুলিশী প্রহরায় চিকিৎসার সময় তার পরিবারের সদস্যসহ কাউকে তার সাথে সাক্ষাত ও কথা বলতে দেয়া হয়নি এবং নির্যাতনের পর গুরুতর আহত হলেও তার সুচিকিৎসার ব্যবস্থা করা হয়নি, যা কেবল চরম অমানবিক নয় ক্রিমিন্যাল নেগলিজেন্সও।

সচিব চাকমা অবিলম্বে নিরীহ পাহাড়িদের বিনা দোষে গ্রেফতার, নির্যাতন ও বাড়িঘরে তল্লাশী বন্ধ, আটককৃতদের মুক্তি, মিথ্যা মামলা প্রত্যাহার এবং রমেল চাকমার পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদানেরও দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।